

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের মে/২০২১ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
সভার তারিখ ও সময় : ৩১/০৫/২০২১ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ১১ তম সভা।

আলোচনা:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০২১-২০২২ এর নতুন কাঠামো প্রণয়ন করা হয়েছে। মাঠ পর্যায়ের অফিসসমূহকে নতুন কাঠামো অবহিত করে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এপিএ টিম, এনআইএস, উদ্ভাবন, সেবা প্রদান প্রতিশ্রুতি, তথ্য অধিকার সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে এপিএ-তে অন্তর্ভুক্ত করা যেতে পারে। এপিএ প্রণয়নের সময় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে সংযোজনী-২ প্রমাণকসমূহ উল্লেখ করতে হবে। এনআইএস, জিআরএস, সিটিজেন চার্টার, ই-গভর্নেন্স, ইনোভেশন, তথ্য অধিকার পরিকল্পনাসমূহ এপিএ সংযোজনীতে অন্তর্ভুক্ত করে ২০২১-২০২২ অর্থবছরের এপিএ স্বাক্ষর করতে হবে।

(খ) অংশীজনদের অংশগ্রহণে ৩টি মতবিনিময়/অবহিতকরণ সভার আয়োজন করা প্রয়োজন।

(গ) সদস্য সচিব আরও জানান যে, বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে এপ্রিল মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হয়েছে এবং বেজা/এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স ০১ টি আবেদন ২ দিনে নিষ্পন্ন হয়েছে।

(ঘ) প্রশিক্ষণে জনঘন্টা পূরণের লক্ষ্যে কর্মকর্তা কর্মচারীদের নিয়ে প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। অসাধারণ মান অর্জনের ক্ষেত্রে আরও বেশি করে প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন।

সিদ্ধান্ত

(ক) কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

(খ) ৪র্থ কোয়ার্টারে অংশীজনের সঙ্গে নির্ধারিত ৩ টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে;

(গ) এপিএ টিমের মাসিক সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে।

২। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আবুল কালাম আজাদ)

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ

টেলিফোন: ৯৩৪৫২৫৮

ই-মেইল: dhaka@explosives.gov.bd